

স্টেডিয়াম তৈরির অনুমোদনে খুশি তেহট্টের খেলাপ্রেমী মানুষ

অমিতাভ বিশ্বাস

তেহট্ট, ২৩ জানুয়ারি— গ্রামীণ খেলাধুলাকে উৎসাহিত করতে সরকারি উদ্যোগে স্টেডিয়াম তৈরির ঘোষণায় খুশি তেহট্ট এলাকাবাসী। কদিন আগে তেহট্টের দেবনাথপুরে প্রায় পাঁচ কোটি টাকা ব্যয়ে একটি স্টেডিয়াম তৈরির অনুমোদন হয়েছে বলে জানান তেহট্টের বিধায়ক গৌরীশঙ্কর দত্ত। তিনি বলেন, 'মহকুমা এলাকায় স্কুল, কলেজ বা ক্লাবের মাঠ থাকলেও কোনও স্টেডিয়াম এতদিন ছিল না। মানুষের দীর্ঘদিনের দাবি মেনে ছেলেমেয়েদের খেলাধুলায় উৎসাহিত করতে দেবনাথপুরে একটি জমি চিহ্নিত করা হয়েছিল। সেই মতো সরকারের কাছে স্টেডিয়াম তৈরির জন্য প্রস্তাব পাঠানো হয়। খুব সম্প্রতি তা অনুমোদিত হয়েছে।'

নদীয়া জেলা ক্রীড়া সংস্থার কার্যকরী কমিটির সহ-সভাপতি ও তেহট্টের বাসিন্দা গৌতম বিশ্বাস বলেন, 'আগে এলাকার বহু মানুষ খেলার সঙ্গে যুক্ত ছিলেন। এলাকার তাদের অনেকেই বর্তমানে সামরিক বাহিনীতে বড় পদে কাজ করছেন। তখন খেলার মাঠে যেমন প্রচুর খেলোয়াড় পাওয়া যেত



কলকাতার ইডেন গার্ডেন স্টেডিয়াম। ফাইল ছবি

তেমনই অসংখ্য দর্শক বিভিন্ন মাঠে খেলা দেখতে ভিড় করতেন। এখন খেলার মাঠে খেলোয়াড় বা দর্শক উভয়ের অনুপস্থিতি আমাদের মতো খেলাপ্রেমী মানুষকে চিন্তায় ফেলেছে। পাশাপাশি খেলার মাঠের সংখ্যা কমে যাচ্ছে। বেতাই কলেজ মাঠ, তেহট্ট উচ্চ বিদ্যালয় মাঠ বা শ্যামনগর মাঠের মতো এলাকায় হাতে গোনা কয়েকটি মাঠে নিয়মিত খেলা হলেও

এই মাঠগুলিতেই মিটিং, যাত্রা-সহ নানা অনুষ্ঠান হয়ে থাকে। এমন সময় স্টেডিয়াম তৈরির উদ্যোগ প্রশংসনীয়। এলাকায় নতুন একটি স্টেডিয়াম তৈরি হলে নতুন প্রজন্মের অনেকেই মাঠমুখী হবে বলে মনে হয়। বাড়বে খেলার মান।'

একই কথা জানান করিমপুর আঞ্চলিক ক্রীড়া সংস্থার সম্পাদক সুজিত বিশ্বাস।

পৃষ্ঠা - ৩

আজকাল
২৪ জেন জানুয়ারী ২০১৭, ইন্ডিয়ান